রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১১, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২০ জ্যৈষ্ঠ ১৪১৯ বঙ্গাব্দ/০৩ জুন ২০১২ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৫০-আইন/২০১২।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের (ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;


মূল্য ঃ টাকা ১২.০০

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবীস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত/ অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ** ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। **শিক্ষানবিস** ।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপে নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসের মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ ঃ

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ,—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) The Gazetted Officers' Recruitment Rules, (Inspectorate of Boilers) 1978 এবং The Non-Gazetted Employees (Department of Boilers) Recruitment Rules, 1985 এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত রহিত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

তফসিল

[ বিধি ২(খ) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | প্রধান বয়লার পরিদর্শক | ৩৫ হইতে ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** উপ-প্রধান বয়লার পরিদর্শক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ নিম্নেবর্ণিত বিষয়সমূহে অন্যূন ১২ (বার) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে, যথাঃ—<br>(১) সকল প্রকার বয়লারের কাজ এবং বয়লারের সকল ফিটিংস ও একসেসরিজ এর কাজের উপর অভিজ্ঞতা;<br>(২) বয়লার রেগুলেশন অনুযায়ী নির্ভুলভাবে বয়লারের কার্যকরী চাপ নির্ধারণের বিষয়ে অভিজ্ঞতা;<br>(৩) বয়লার তৈরীর বিষয়ে অভিজ্ঞ এবং বয়লার তৈরীর ব্যবহৃত মেটেরিয়ালের উপর অভিজ্ঞতা;<br>(৪) বয়লার তৈরীতে ব্যবহৃত মেটেরিয়ালের শক্তির সম্পর্কে অভিজ্ঞতা;<br>(৫) বয়লারের ক্রটি এবং ক্রটির কারণ ও উহার প্রতিকার সম্পর্কে অভিজ্ঞ এবং বয়লারের ক্ষয় ও স্কেল প্রতিরোধের জন্য ফিড ওয়াটার শোধনের বিষয়ে অভিজ্ঞতা;<br>(৬) ড্রইং স্কেচ অনুযায়ী বয়লারের পরিমাপ নির্ধারণ করার বিষয়ে অভিজ্ঞতা;<br>(৭) প্রস্তুতকারীর পরিমাপ অনুযায়ী নতুন ও পুরাতন বয়লারের শক্তি হিসাব নির্ণয়ের বিষয়ে অভিজ্ঞতা;<br>(৮) বয়লার ডিজাইন ও তৈরীর কাজে অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২) | উপ-প্রধান বয়লার পরিদর্শক | ৩০ হইতে ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** বয়লার পরিদর্শক হিসাবে উক্ত পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ নিম্নেবর্ণিত বিষয়সমূহে অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে, যথাঃ—<br>(১) সকল প্রকার বয়লারের কাজ এবং বয়লারের সকল ফিটিংস ও একসেসরিজ এর কাজের উপর অভিজ্ঞতা;<br>(২) বয়লার রেগুলেশন অনুযায়ী নির্ভুলভাবে বয়লারের কার্যকরী চাপ নির্ধারণের বিষয়ে অভিজ্ঞতা;<br>(৩) বয়লার তৈরীর বিষয়ে অভিজ্ঞ এবং বয়লার তৈরীর ব্যবহৃত মেটেরিয়ালের উপর অভিজ্ঞতা;<br>(৪) বয়লার তৈরীতে ব্যবহৃত মেটেরিয়ালের শক্তির সম্পর্কে অভিজ্ঞতা;<br>(৫) বয়লারের ত্রুটি এবং ত্রুটির কারণ ও উহার প্রতিকার সম্পর্কে অভিজ্ঞ এবং বয়লারের ক্ষয় ও স্কেল প্রতিরোধের জন্য ফিড ওয়াটার শোধনের বিষয়ে অভিজ্ঞতা;<br>(৬) ড্রইং স্কেচ অনুযায়ী বয়লারের পরিমাপ নির্ধারণ করার বিষয়ে অভিজ্ঞতা;<br>(৭) প্রস্তুতকারীর পরিমাপ অনুযায়ী নতুন ও পুরাতন বয়লারের শক্তি হিসাব নির্ণয়ের বিষয়ে অভিজ্ঞতা;<br>(৮) বয়লার ডিজাইন ও তৈরীর কাজে অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩) | বয়লার পরিদর্শক | ২১ বৎসর হইতে ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ নিম্নেবর্ণিত বিষয়সমূহে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে, যথাঃ—<br>(১) সকল প্রকার বয়লারের কাজ এবং বয়লারের সকল ফিটিংস ও একসেসরিজ এর কাজের উপর অভিজ্ঞতা;<br>(২) বয়লার রেগুলেশন অনুযায়ী নির্ভুলভাবে বয়লারের কার্যকরী চাপ নির্ধারণের বিষয়ে অভিজ্ঞতা;<br>(৩) বয়লার তৈরীর বিষয়ে অভিজ্ঞ এবং বয়লার তৈরীতে ব্যবহৃত মেটেরিয়ালের উপর অভিজ্ঞতা;<br>(৪) বয়লার তৈরীতে ব্যবহৃত মেটেরিয়ালের শক্তির সম্পর্কে অভিজ্ঞতা;<br>(৫) বয়লারের ত্রুটি এবং ত্রুটির কারণ ও উহার প্রতিকার সম্পর্কে অভিজ্ঞ এবং বয়লারের ক্ষয় ও স্কেল প্রতিরোধের জন্য ফিড ওয়াটার শোধনের বিষয়ে অভিজ্ঞতা;<br>(৬) ড্রইং স্কেচ অনুযায়ী বয়লারের পরিমাপ নির্ধারণ করার বিষয়ে অভিজ্ঞতা;<br>(৭) প্রস্তুতকারীর পরিমাপ অনুযায়ী নতুন ও পুরাতন বয়লারের শক্তি হিসাব নির্ধারণের বিষয়ে অভিজ্ঞতা; |
| (৪) | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers And Stenotypists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এণ্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন নিম্নরূপ গতি থাকিতে হইবে, যথাঃ—<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫) | উচ্চমান সহকারী | The Ministries and Divisions (Uper Division Assistant and Section Assistant Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| (৬) | অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, পেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন নিম্নরূপ গতি থাকিতে হইবে, যথাঃ—<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। | | |
| (৭) | বয়লার টেকনিশিয়ান | ১৮ হইতে ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেটসহ সরকার অনুমোদিত কোন ভকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট হইতে মেকানিকেল বা পাওয়ার ট্রেড কোর্স সম্পন্ন করা সার্টিফিকেটধারী হইতে হইবে। |
| (৮) | ড্রাইভার | অনূর্ধ ৩০ বছর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম/জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞ। |
| (৯) | এমএলএসএস | ১৮ হইতে ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| (১০) | ঝাড়ুদার | ১৮ হইতে ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল বা সমমানের সার্টিফিকেটসহ সুস্বাস্থ্য ও সবল দেহের অধিকারী হইতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোহাম্মদ মফিজুল হক**
উপ-সচিব।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১৭, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ সেপ্টেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ/৩১ ভাদ্র ১৪২০ বঙ্গাব্দ

এস, আর, ও নং ৩০২-আইন/২০১৩।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের (ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর—

(ক) ক্রমিক নং (৮) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৮) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| (৮) | (ক) ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞ। |
| | (খ) ড্রাইভার (আউট সোর্সিং) | অর্থ বিভাগ কর্তৃক নং-অম/অবি/ব্যগনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭, তারিখঃ ০৭-০৮-২০০৮ মূলে জারীকৃত আউটসোর্সিং (Out Sourcing) সংক্রান্ত নীতিমালা অনুযায়ী। | | |

;এবং


মূল্য ঃ টাকা ৪.০০

(খ) ক্রমিক নং (১০) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (১০) ও (১১) এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

<table>
<tr><td>(১০)</td><td>পাহারাদার (আউট সোর্সিং)</td><td colspan="3">অর্থ বিভাগ কর্তৃক নং-অম/অবি/বাঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭, তারিখঃ ০৭-০৮-২০০৮ মূলে জারীকৃত আউটসোর্সিং (Out Sourcing) সংক্রান্ত নীতিমালা অনুযায়ী।</td></tr>
<tr><td>(১১)</td><td>(ক) ঝাড়ুদার</td><td>অনূর্ধ্ব ৩০ বৎসর</td><td>সরাসরি নিয়োগের মাধ্যমে</td><td>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সুস্বাস্থ্য ও সবল দেহের অধিকারী হইতে হইবে।</td></tr>
<tr><td></td><td>(খ) ঝাড়ুদার (আউট সোর্সিং)</td><td colspan="3">অর্থ বিভাগ কর্তৃক নং-অম/অবি/বাঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭, তারিখঃ ০৭-০৮-২০০৮ মূলে জারীকৃত আউটসোর্সিং (Out Sourcing) সংক্রান্ত নীতিমালা অনুযায়ী।</td></tr>
</table>

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খন্দকার রফিকুল ইসলাম**
উপসচিব (অধি-বিবিওবয়)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd